দৈনিক বাংলা 93

তারিখ 03 DEC 1989
পৃষ্ঠা 9 কলাম 2

# পাবনায় মেরামতের অপেক্ষায় ৩ শতাধিক বিদ্যালয়

(নিজস্ব প্রতিনিধি)

পাবনা, ১লা ডিসেম্বর।—গত বছরের বন্যায় বিধ্বস্ত পাবনা জেলার ৩ শতাধিক প্রাথমিক বিদ্যালয় আজ পর্যন্ত মেরামত করা হয়নি। এ কারণে এসব বিদ্যালয়ে ক্লাস চালু হয়নি। এতে কয়েক হাজার ছাত্র-ছাত্রীর স্কুলে যাতায়াত বন্ধ রয়েছে।

বন্যায় পাবনা জেলার ৪ হাজার ৭শ' প্রাথমিক বিদ্যালয় সম্পূর্ণ অথবা আংশিকভাবে ক্ষতিগ্রস্ত হয়। উপজেলা পরিষদ এবং শিক্ষা মন্ত্রণালয়ের ফ্যাসিলিটিজ বিভাগ কিছু সংখ্যক বিদ্যালয়ের সংস্কার করলেও অনেক স্কুলের মেরামত এখনও পর্যন্ত সম্ভব হয়নি।

এদিকে, কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচীর অধীনে ৩ শতাধিক বিদ্যালয়ের ঘর মাটি থেকে তুলে দাঁড় করানো হয়েছে। কিন্তু বেড়া দেয়া সম্ভব হয়নি। শ্রেণী-কক্ষগুলো ঠিক করা হয়নি। ফলে আগামী ছয় মাসেও এসব বিদ্যালয়ে ক্লাস চালু করা সম্ভব হবে না।

জেলা শিক্ষা বিভাগ সূত্রে জানা গেছে, আর্থিক সংকটের কারণেই ক্ষতিগ্রস্ত বিদ্যালয়গুলো মেরামত করা সম্ভব হচ্ছে না। এ ব্যাপারে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করেও কোন লাভ হয়নি।

## জয়পুরহাটে জরাজীর্ণ বিদ্যালয় গৃহ ঃ শিক্ষা উপকরণের অভাব

(নিজস্ব সংবাদদাতা)

জয়পুরহাট, ১লা ডিসেম্বর।—আক্কেলপুর উপজেলার ১৩টি শিক্ষাপ্রতিষ্ঠান নানান সমস্যার আবর্তে জর্জরিত। এখানে প্রয়োজনীয় শিক্ষক ও শিক্ষা উপকরণের খুবই অভাব। ছাত্রদের বসার কোন বেঞ্চ নেই।

অধিকাংশ স্কুলগৃহ জরাজীর্ণ। বেড়া পড়ে গেছে। চাল দিয়ে পানি পড়ে। এসব স্কুলে শিক্ষা উপকরণ বলতে কিছুই নেই। এ ছাড়া, সমস্ত বিদ্যালয়েই রয়েছে শিক্ষকের অভাব।